

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩১৬২

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা মারয়াম

بَابُ: وَمِنْ سُورَةِ مَرِيَمَ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الْأَعْمَشِ، عَنْ أَبِي الضُّحَى، عَنْ مَسْرُوقٍ، قَالَ سَمِعْتُ خُبَّابَ بْنَ الْأَرْتِ، يَقُولُ جِئْتُ الْعَاصِيَّ بْنَ وَائِلِ السَّهْمِيِّ اتَّقَاضَاهُ حَقًّا لِي عِنْدَهُ فَقَالَ لَا أُعْطِيكَ حَتَّى تَكْفُرَ بِمُحَمَّدٍ . فَقُلْتُ لَا حَتَّى تَمُوتَ ثُمَّ تَبْعَتْ . قَالَ وَإِنِّي لَمَيِّتٌ ثُمَّ مَبْعُوثٌ فَقُلْتُ نَعَمْ . فَقَالَ إِنَّ لِي هُنَاكَ مَالًا وَوَلَدًا فَأَقْضِيكَ . فَنَزَلَتْ : (أَفْرَأَيْتَ الَّذِي كَفَرَ بِآيَاتِنَا وَقَالَ لَأُوتِيَنَّ مَالًا وَوَلَدًا) الْآيَةَ .

حَدَّثَنَا هُنَادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الْأَعْمَشِ، نَحْوَهُ . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩১৬২. ইবন আবু উমর (রহঃ) ..... খাব্বাব ইবন আরাতি রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমার একটি পাওনার ব্যপারে তাগাদা করার জন্য আস ইবন ওয়াইল সাহমীরের কাছে এলাম। সে বললঃ মুহাম্মদকে অস্বীকার না করা পর্যন্ত তোমাকে আমি তোমার পাওনা দিব না। আমি বললামঃ তুমি মরে গিয়ে আবার ওঠ, তবু আমি তা করব না। সে বললঃ আচ্ছা, তবে কি আমি মারা যাব এবং আবার যিন্দা হব? আমি বললামঃ হ্যাঁ। সে বললঃ অবশ্য সেখানেও আমার ধন-সম্পদ এবং সন্তান-সন্ততি থাকবে তখন তোমাকে তোমার পাওনা পরিশোধ করব। তখন নাযিল হয়ঃ

أَفْرَأَيْتَ الَّذِي كَفَرَ بِآيَاتِنَا وَقَالَ لَأُوتِيَنَّ مَالًا وَوَلَدًا

সহীহ, বুখারি ৪৭৩২, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১৬২ [আল মাদানী প্রকাশনী]

হান্নাদ (রহঃ) ... আ'মাশ (রহঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে। হাদীসটি হাসান-সহীহ।

## English

Narrated Masruq:

"I heard Khabbab bin Al-Aratt saying: 'I came to Al-'As bin Wa'il As-Sahmi to collect a debt he owed me. He said: 'You shall not be given anything until you deny Muhammad.' So I said: 'No, not until you are dead and resurrected.' He said: 'After I die and I am resurrected?' So I said: 'Yes.' So he said: 'I shall indeed have wealth and offspring to repay you with.' So (the following) Ayah was revealed: Have you seen him who disbelieved in Our Ayat and said: I shall certainly be given wealth and children (19:77)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ খাব্বাব ইবনুল আরাত (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38514>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন